



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৪৪

তারিখঃ ০১ ফেব্রুয়ারি ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি:

০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার ডি. হাস্ জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। শুরুতেই তিনি নবগঠিত কমিশনকে অভিনন্দন জানান। কমিশনের চেয়ারম্যান কমিশনের কার্যক্রম ও অগ্রাধিকার সম্পর্কে তাঁকে অবহিত করেন।

এসময় বাংলাদেশের বর্তমান মানবাধিকার পরিস্থিতি পর্যালোচনা ও মানবাধিকার সুরক্ষায় বাংলাদেশস্থ মার্কিন দূতাবাস ও জাতীয় মানবাধিকার কমিশনের মধ্যে কিভাবে সহযোগিতা বাড়ানো যায় সেলক্ষ্যে আলোচনা হয়। কমিশনের চেয়ারম্যান জানান, নবগঠিত কমিশন মানবাধিকার সুরক্ষায় আরও কার্যকর ভাবে কাজ করার লক্ষ্যে কৌশলগত পরিকল্পনা গ্রহণ করেছে। দেশের মানুষকে মানবাধিকারের বিষয়সমূহে সচেতন করা ও সমাজে মানবাধিকার সংস্কৃতি গড়ে তোলার লক্ষ্যে যেখানেই মানবাধিকার লঙ্ঘন হবে, কমিশন সোচ্চার থাকবে বলে কমিশন চেয়ারম্যান জানান। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন বিষয়ে জানতে চাইলে কমিশন চেয়ারম্যান বলেন একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন যথাযথ আয়োজনের মাধ্যমে জনমানুষের ভোটাধিকার নিশ্চিত করবেন কমিশন এ প্রত্যাশা করে। রাষ্ট্রদূত পিটার ডি. হাস্ মানবাধিকার সুরক্ষার লক্ষ্যে কমিশনের প্রেক্ষিত পরিকল্পনা ও বাস্তবায়ন কৌশল সম্পর্কে জানতে পেরে সন্তুষ্টি ব্যক্ত করেন। পাশাপাশি, মানবাধিকার সুরক্ষায় কমিশন, মার্কিন দূতাবাস ও মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার প্রস্তাব দেন। এসময় সভায় কমিশনের সার্বক্ষণিক সদস্য জনাব মোঃ সেলিম রেজা, সচিব জনাব নারায়ণ চন্দ্র সরকার, উপপরিচালক ফারহানা সাঈদ উপস্থিত ছিলেন।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ